গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম
মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIIN-104200, NU Code-4346

তারিখ : ১৯/০৫/২০২২ খ্রিঃ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিএ/বিএসএস/বিবিএ (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখ ও সময়সূচি ও শর্তাদি পূরণ সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে ঃ

১। ২৩/০৫/২০২২ থেকে ০৯/০৬/২০২২ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে ফি প্রদানের পর এস.এম.এস এ প্রাপ্ত Txn ID No আবেদন ফরমের উপর লিখে হার্ড কপি ও ফি প্রদানের কপি ২৩/০৫/২০২২ থেকে ১১/০৬/২০২২ তারিখের মধ্যে কলেজ লাইব্রেরী ভবনে সকাল ১০:০০ টা থেকে বেলা ০২:০০ টার মধ্যে জমা দিতে হবে।

২। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ২৩/০৫/২০২২ থেকে ১১/০৬/২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

৩। আবেদন ফরম পূরণের নিয়মাবলি : জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে সতর্কতার সাথে আবেদনকারী মাধ্যমিক /সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিঃ নম্বর, বোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নাম্বার সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ভর্তিচ্ছু কলেজের নাম, প্রার্থীর (Eligible) সব কয়টি বিষয়ের পচন্দক্রম নির্ধারণ করে ভর্তি পরীক্ষায় আবেদন ফরম পূরণ করতে হবে।

৪। (ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ এবং ২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ এবং ২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৫। অনার্স বিষয়সমূহ : অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান।

বি. দ্র.- কলেজের রকেট একাউন্টে ফি প্রদান পদ্ধতি সংযুক্ত করা হলো।

19.05.2022

(ড. সুব্রত বরণ বড়ুয়া)
আইডি নং-০০২৯৩১
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম।

ড. সুব্রত বরণ বড়ুয়া
আইডি নং- ০০২৯৩১
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম
মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIIN-104200, NU Code-4346

গাছবাড়ীয়া সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি রকেট একাউন্টে জমা দেয়ার পদ্ধতি নিম্নরূপ

Rocket Apps এর মাধ্যমে ফি প্রদানের নিয়মাবলী

Step-1: ভর্তিচ্ছু শিক্ষার্থী নিজ/ এজেন্ট এর মাধ্যমে Rocket App এ প্রবেশ করবে।
Step-2: Bill pay অপশনে ক্লিক করবে ।
Step-3: Search Biller এ গাছবাড়ীয়া সরকারি কলেজ একাউন্ট নং- 4193 লিখে কলেজ সিলেক্ট করবে।
Step-4: Self বা Others নির্বাচন করুন (নিজের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ১ Self , এবং অন্যের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ২ Others, নির্বাচন করে শিক্ষার্থীর নিজ মোবাইল নাম্বার দিন)।
Step-5:Bill Number হিসেবে আবেদন ফরমের রোল নম্বর এন্ট্রি দিয়ে Amount এর জায়গায় ২৫০/- লিখে Submit করবে।

Step-6: Rocket pin Number দিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

ম্যানুয়াল পদ্ধতিতে ফি প্রদানের নিয়মাবলী

১। প্রথমে আপনার মোবাইল হতে *322# ডায়াল করুন ।
২। Bill pay নির্বাচন করুন (অপশন ১) ।
৩। Self বা Others নির্বাচন করুন (নিজের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ১, এবং অন্যের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ২ নির্বাচন করে আপনার মোবাইল নাম্বার দিন)।
৪। Biller ID তে গাছবাড়ীয়া সরকারি কলেজ একাউন্ট নং-4193 নির্ভুল ভাবে দিন।
৫। Bill Number হিসেবে আবেদন ফরমের রোল নম্বর নির্ভুলভাবে দিন।
৬। Amount এ ২৫০/- টাইপ করে দিতে হবে।
৭। ফি প্রদান সম্পন্ন করতে আপনার রকেট এর পিন নাম্বার দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন।

বিশেষ দ্রষ্টব্য : ফি প্রদান সম্পন্ন হওয়ার পর বিলের কপি সংরক্ষণ করে নির্ধারিত তারিখে ফরমের সাথে কলেজ অফিসে অবশ্যই জমা দিতে হবে।

19.05.2022

(ড. সুব্রত বরণ বড়ুয়া)
আইডি নং-০০২৯৩১
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম।

ড. সুব্রত বরণ বড়ুয়া
আইডি নং- ০০২৯৩১
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম, বাংলাদেশ